



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com



স্মারক নং : মাউশিবোদি/পনি/পরীঃ/২০২২/৪০৫৯(০৩)

তারিখ : ১৬/১০/২০২২ খ্রি.

বিষয় : ২০২২ সালের এইচএসসি পরীক্ষার নতুন পরীক্ষক Online-এ রেজিস্ট্রেশনকরণ ও পূর্বে রেজিস্ট্রেশনধারীদের তথ্য হালনাগাদকরণ সংক্রান্ত।

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের এইচএসসি পরীক্ষার পরীক্ষক ও প্রধান পরীক্ষক নির্বাচনের জন্য আগামী ০৬/১১/২০২২ তারিখের মধ্যে Online-এ নতুন পরীক্ষক রেজিস্ট্রেশন ও ইতোপূর্বে রেজিস্ট্রেশনধারীদের তথ্য হালনাগাদকরণের (যদি প্রয়োজন হয়) জন্য Website : www.dinajpurboard.gov.bd Visit করতঃ DBTP (Dinajpur Board Teacher's Profile) Option -এ প্রবেশ করে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

Online এ তথ্য প্রদানের সময় অবশ্যই নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে :

০১। বিশেষ নির্দেশনা :

- যে সকল সম্মানিত শিক্ষক ইতোমধ্যে অবসরে গিয়েছেন এবং যাঁরা আগামী ০৬/১১/২০২২ তারিখের পূর্বে অবসরে যাবেন তাঁদের পরীক্ষক হওয়ার জন্য আবেদন করার প্রয়োজন নেই।
- 'স্কুল এন্ড কলেজ' এরূপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে ভারপ্রাপ্ত অধ্যক্ষগণ কলেজ পর্যায়ের আবেদনের ক্ষেত্রে অধ্যক্ষ হিসেবে Profile খুলবেন, কিন্তু কলেজ পর্যায়ের উত্তরপত্র গ্রহণ করবেন না।
- যে সকল শিক্ষক এখনও এমপিওভুক্ত হননি, তাদের পরীক্ষক হওয়ার জন্য আবেদন করার প্রয়োজন নেই।
- সংস্থা পরিচালিত (বিশেষায়িত) শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল শিক্ষক সংস্থার নিকট থেকেই বেতন-ভাতাদি গ্রহণ করেন সে সকল প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ে পাঠদানকারী শিক্ষকগণ নিবন্ধন হালনাগাদকরণ কিংবা নতুন করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।

০২। নতুন রেজিস্ট্রেশনের ক্ষেত্রে :

- নিজ সচল মোবাইল নম্বর User ID হিসেবে ব্যবহার করবেন।
- Password (ইচ্ছে মত দিবেন) নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন।
- সকল তথ্য পূরণের পর সোনালী ব্যাংকের হিসাব নম্বর ১৩ ডিজিটের দিবেন এবং Update দিবেন। Update-এ ক্লিক করলে কি মেসেজ দেখাচ্ছে তা দেখে কাজ করবেন। তারপর শিক্ষাগত তথ্যসমূহ দিয়ে Confirm Button-এ ক্লিক করে প্রিন্ট নিয়ে রাখবেন। উল্লেখ্য Update Button-এ আগে ক্লিক না করে Confirm Button-এ ক্লিক করবেন না।


০৩। পূর্বে রেজিস্ট্রেশনধারীদের ক্ষেত্রে :

- প্রোফাইলে প্রবেশ করে সোনালী ব্যাংকের ১৩ ডিজিটের হিসাব নম্বর দিবেন (১৩ ডিজিট থাকলে আর প্রয়োজন নাই)।
- পদবী পরিবর্তন হলে তা পরিবর্তন করে দিবেন।
- প্রতিষ্ঠান পরিবর্তন হলে EIIN নম্বর, জেলা, উপজেলা পরিবর্তন করে দিবেন।
- সর্বশেষ Update-এ ক্লিক করে Confirm Button-এ ক্লিক করে Logout করবেন।
- Password ভুলে গেলে Principal মহোদয়ের Profile এ প্রবেশ করে হালনাগাদ করতে পারবেন।

সম্মানিত সকল শিক্ষক

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।


প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর

অনুলিপি : অবগতি ও কার্যার্থে বিতরণ-

- ০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৩। Website কপি।
- ০৪। নোটিশ বোর্ড।